জীবননগরের উথলী বালিকা বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ এসডিজি মোতাবেক উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে দেশের অগ্রগতি, অর্জন, সাফল্য ও লক্ষ্য সমূহের সাথে জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং ডেঙ্গু প্রতিরোধ, মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার সময় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মুক্ত মঞ্চে ওই নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান। এ সময় তিনি বলেন, নারীর ক্ষমতায়ন, নারীর অধিকার ও সামাজিক নিরাপত্তা প্রদানে আওয়ামী লীগ সরকার নিরলসভাবে কাজ করে আসছেন। নারী পাচার, ইভটিজিং ও বাল্যবিয়ে এখন অনেকটাই কমে এসেছে।সরকার নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলেছে। একটি অসাধু চক্র বিভিন্ন গুজব ও অপপ্রচার ছড়িয়ে দেশের সম্মান ক্ষুন্ন করার চেষ্টা করছে। আপনারা কেউ এই ধরনের গুজবে কান দিবেন না। নারীদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে বর্তমান সরকার নারীদের বিধবা ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে আসছেন। আমাদের দেশে জনসংখ্যার অর্ধেক পুরুষ ও অর্ধেক নারী। সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ত আরও বাড়াতে হবে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল। তিনি তার বক্তব্যে বলেন, সারা বিশ্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জন করে ২০৪১ সালে আমরা পৌঁছে যাবো উন্নত দেশের কাঙ্খিত গন্তব্যে। উন্নয়নের এই ধারায় নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ করে নারীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল হান্নান, চুয়াডাঙ্গা খাদ্য নিয়ন্ত্রক সজিব পাল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান, সাংবাদিক আকিমুল ইসলাম, বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সদস্য সেলিম হোসেন, মাহফুজুর রহমান, আলমগীর হোসেন, এনামুল হক, মুসলিমা খাতুন প্রমুখ। সমাবেশে দু’ শতাধিক নারী উপস্থিত ছিলেন।